

ঢাকা, ০১ সেপ্টেম্বর ২০০৯

MDTF ব্যবস্থাপনায় বিশ্বব্যাংক' র কতৃত্ব প্রতিষ্ঠার পায়িতারায় ডি.এফ.আই.ডি'র সমর্থনের প্রতিবাদে মানব বন্ধন

বাংলাদেশ সফররত বৃটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী ডগলাস আলেক্সজাভার এবং জ্বালানী ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রতিমন্ত্রী এড মিলিব্যান্ড -এর দৃষ্টি আর্কষণ

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, বিগত তত্ত্বাবধায়ক সরকারের আমলে জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলায় সরকার দেশের বিভিন্ন উন্নয়ন সহযোগীদের সহযোগিতায় Multi Donor Trust Fund (MDTF) গঠনের প্রক্রিয়া শুরু করে। মূলত বৃটিশ সরকারের সরাসরি সমর্থনে এ তহবিল গঠনের উদ্যোগ নেয়া হয়। ইতোমধ্যে বৃটিশ সরকার আগামি ৫ বছরের জন্য এ তহবিলে ৯৬ মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদানের প্রতিশ্রুতি দিয়েছে। পাশাপাশি এ তহবিল ব্যবস্থাপনা সরকারের নিয়ন্ত্রণের বাইরে রাখতে তহবিল ব্যবস্থাপক হিসেবে বিশ্বব্যাংকের কতৃত্ব প্রতিষ্ঠার জন্য পরোক্ষ অবস্থান নিয়েছে।

উল্লেখ্য যে, জলবায়ু তহবিল উন্নয়ন ও এর ব্যবস্থাপনায় বিশ্বব্যাংক' র কতৃত্ব প্রতিষ্ঠায় বৃটিশ সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ডি.এফ.আই.ডি'র পরোক্ষ সমর্থন বাস্তবায়নের জন্যই সেপ্টেম্বর ২০০৮ এ লন্ডনে অনুষ্ঠিত সম্মেলনে সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা উল্লেখিত Trust Fund ব্যবস্থাপনায় বিশ্ব ব্যাংক-এর কতৃত্ব সমর্থন করেছিলেন। আমরা সংবাদ সম্মেলন ও সেমিনার এর মাধ্যমে সাবেক অর্থ উপদেষ্টার অর্থোক্তিক প্রস্তাবনার বিরোধিতা করেছিলাম। পাশাপাশি প্রচারবিভাগের মাধ্যমে দেশ বিদেশের গুরুত্বপূর্ণ প্রায় ১৪৫ সংগঠন ও ৩৭০০ বরণ্য ব্যক্তিবর্গের স্বাক্ষর সংগ্রহ করে স্বাক্ষরলিপি ও পোস্ট কার্ড সাবেক প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দিন আহমেদ, বৃটিশ প্রধান মন্ত্রী গর্ডন ব্রাউন ও বৃটিশ সরকারের আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত মাননীয় মন্ত্রী মি: ডগলাস আলেক্সজাভার এর কাছে ডাকযোগে পাঠিয়েছিলাম। কিন্তু এ বিষয়ে সরকার ও বৃটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী ডগলাস আলেক্সজাভার-এর কোন ইতিবচক সাড়া আমরা পাইনি।

ইতোমধ্যে এ তহবিল ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য 'খসড়া কনসেপ্ট নোট' প্রণয়ন করা হয়েছে। MDTF এর 'খসড়া কনসেপ্ট নোট' এ বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আবারো তহবিল পরিচালনা ও তদারকীর দায়িত্ব বিশ্ব ব্যাংককে দেয়ার প্রস্তাব করেছে। প্রণীত প্রস্তাবনা অনুসারে বিশ্ব ব্যাংক তহবিল ব্যবস্থাপনা ও তদারকীর পাশাপাশি MDTF এর আওতায় বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করবে। এছাড়াও MDTF এর তদারকী ফি হিসেবে বিশ্ব ব্যাংক প্রায় ৮ মিলিয়ন ডলার পাবে। দেশের জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা তহবিল ব্যবস্থাপনায় বিশ্ব ব্যাংক-এর এ ধরনের কতৃত্ব সর্বোতভাবেই অন্যায্য।

আপনারা অবগত আছেন যে, বৃটিশ সরকারের আন্তর্জাতিক উন্নয়ন প্রতিমন্ত্রী ডগলাস আলেক্সজাভার এবং জ্বালানী ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রতিমন্ত্রী এড মিলিব্যান্ড এবং জ্বালানী ও জলবায়ু বিষয়ক প্রতিমন্ত্রী বর্তমানে বাংলাদেশ সফরে রয়েছেন। তাদের এই সফরকালীন সময়ে আমরা আবারো MDTF ব্যবস্থাপনায় বিশ্বব্যাংক এর অর্ন্তভুক্তির প্রতিবাদ জানাচ্ছি।

ইকুইটি এন্ড জাস্টিস ওয়্যাকিং গ্রুপ বাংলাদেশ (ইকুইটিবিডি)

ewo 9/4, moK 2. k'vgj x, XvKv-1207 | tdvb : 8125181, 8154673, d'vK&: 9129395,

BtgBj : info@equitybd.org, l tqe mvBU : www.equitybd.org

আমরা একটি অস্বচ্ছ প্রক্রিয়ায় MDTF তহবিল তৈরীর এবং এর ব্যবস্থাপনার জন্য বিশ্ব ব্যাংককে অন্তর্ভুক্তির প্রস্তাব করার প্রতিবাদ ও বিরোধিতা করছি, কারণ, (ক) এটা আন্তর্জাতিকভাবে সর্বসম্মত জলবায়ু অর্থায়নের “Polluter pay and exploiter pay principle” এর বিরুদ্ধে (খ) এটা বিশ্ব ব্যাংককে বিশ্বের অন্যান্য জলবায়ু ঝুঁকি সম্পন্ন দেশের তহবিল ব্যবস্থাপনার দায়িত্ব পেতে বাংলাদেশকে উদাহরণ হিসেবে ব্যবহার করার সুযোগ দেবে, (গ) এই তহবিল ব্যবস্থাপনার সুযোগ নিয়ে বাংলাদেশের দুর্বলতাকে কাজে লাগিয়ে বিশ্ব ব্যাংক বাংলাদেশকে আরো অধিকতর ভাবে বাচবিচার বিহীন ব্যক্তিখাতকরণ ও উদারীকরণ (Privatization and Liberalization) চাপিয়ে দেবে। যা কিনা ইতিমধ্যে আমাদের কাছে প্রমাণিত হয়েছে যে, ঐ সব শর্তগুলো আমাদের মতো দেশে দারিদ্রতা পুনরোৎপাদনের মূল কারণ।

আমরা মনে করি যে, (ক) বাংলাদেশ সরকার একক ভাবে ঐ ধরনের একটি তহবিল ব্যবস্থাপনায় গণতান্ত্রিক মালিকানা ভিত্তিতে চালিয়ে নিয়ে যেতে সক্ষম। আমরা দেশের জাতীয় কোন তহবিল ব্যবস্থাপনায় বিশ্ব ব্যাংক-এর মত দুর্নীতিগ্রস্ত অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের অযাচিত হস্তক্ষেপ ও কতৃত্ব কোনভাবেই সমর্থন করি না।

আমরা আশা করি, বাংলাদেশ সফররত বৃটিশ আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক প্রতিমন্ত্রী ডগলাস আলেক্সান্ডার এবং জ্বালানী ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রতিমন্ত্রী এড মিলিব্যান্ড উপরোক্ত বিষয়গুলোকে গুরুত্বের সাথে বিবেচনা করবেন এবং MDTF ব্যবস্থাপনায় বিশ্বব্যাংক’র অন্তর্ভুক্তির সমর্থন প্রত্যাহার করবেন।

ধন্যবাদসহ। বিনীত

যোগাযোগ:

†gv`elv Kvgvj AvK>`
m`m`, BKzBwUewW
†gvev: 01711455591